'৪২ তম সভা'

# উপজেলা পরিষদ

## নাজিরপুর, পিরোজপুর

**নাজিরপুর উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শেখ মোস্তাফিজুর রহমান<br>চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ<br>নাজিরপুর, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা কৃষি প্রশিক্ষণ মিলনায়তন, নাজিরপুর, পিরোজপুর। |
| তারিখ ও সময় | ঃ | ৩১/০১/২০২৩ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক) | ঃ | (স্বাক্ষরের ক্রমানুসারে) রেজিস্টারে সংরক্ষিত। |

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যকে পুনরায় শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ সূচনা করেন।

২) বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর সভায় গত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী অদ্যকার সভায় পাঠ করে শুনান, পাঠশেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা পরিষদ নাজিরপুর, পিরোজপুর |

৩) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম যথাযথভাবে পালন করা হচ্ছে না। এ বিষয় সভায় সংশ্লিষ্ট সকলকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যাপারে আন্তরিক হওয়ার অনুরোধ জানানো হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল নাজিরপুর, পিরোজপুর |

৪) উপজেলা পরিষদ আইনের পরিবর্তন/সংশোধন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বিগত মাসিক সভার পর থেকে এ পর্যন্ত উপজেলা পরিষদ আইনের কোন পরিবর্তন/ সংশোধনী আনা হয়নি মর্মে জানা যায় বিধায় এ বিষয়ে কোন আলোচনা নেই। | - | - |

৫) উপজেলা পরিষদ সংক্রান্ত নতুন সার্কুলার/ আদেশ/প্রজ্ঞাপন

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বিগত মাসিক সভার পর থেকে এ পর্যন্ত উপজেলা পরিষদ সংক্রান্ত নতুন সার্কুলার/ আদেশ/প্রজ্ঞাপন জারী করা হয়নি মর্মে জানা যায় বিধায় এ বিষয়ে কোন আলোচনা নেই। | - | - |

৬) ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভার কার্যক্রম/সুপারিশ পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা হতে এ মাসে ৩টি সুপারিশ পাওয়া গেছে। তিনি এ বিষয়ে উক্ত সুপারিশ সভায় পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা নিয়মিত আয়োজনপূর্বক উপজেলা পরিষদে দাখিলের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

৭) উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের উপজেলা কমিটি হতে ৪টি সভার কার্যবিবরণী পাওয়া গেছে। তিনি উক্ত কার্যবিবরণী পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা কমিটির সভা নিয়মিত সভা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয়/ সংশ্লিষ্ট দপ্তর প্রধান |

৮) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ডা. মোঃ মশিউর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাজিরপুর জানান, নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীর এটেন্ডেন্টদের বসার জন্য শেড ও হাসপাতালের সামনের ড্রেণ পুনঃ নির্মান এবং স্বাস্থ্য কমপ্লেক্সে ৩টি | বিস্তারিত আলোচনান্তে, এ বিষয়ে উপজেলা উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপজেলা প্রকৌশলী নাজিরপুর, পিরোজপুর |

| | | |
|---|---|---|
| সোলার স্ট্রিট লাইট উপজেলা পরিষদের মাধ্যমে স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান। | | |

৯) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব ইশরাতুন্নেছা এশা, উপজেলা কৃষি কর্মকর্তা জানান, উপজেলা পরিষদ অভ্যন্তরে কৃষি অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের পুরাতন, অব্যবহৃত অকেজো যন্ত্রপাতি পরিত্যাক্ত অবস্থায় পড়ে আছে। যা মেরামত করেও ব্যবহার করা সম্ভব নয়। উক্ত অকেজো পরিত্যাক্ত মালামাল তিনি নিলামের মাধ্যমে অপসারণ করে সরকারি কোষাগারে বিক্রিত অর্থ জমা প্রদানের প্রস্তাব করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ অভ্যন্তরে কৃষি অধিদপ্তরের অকেজো পরিত্যাক্ত মালামাল নিলামের মাধ্যমে অপসারণ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা কৃষি অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>নাজিরপুর, পিরোজপুর |
| খ) তিনি আরো জানান, শ্রীরামকাঠী, দীর্ঘা, শাখারীকাঠী, দেউলবাড়ী ও কলারদোয়ানিয়া ইউনিয়নের অনেক স্থানে বেড়ি বাঁধ না থাকায় জোয়ারের পানিতে চলতি মৌসুমের অনেক ফসল ক্ষতিগ্রস্থ হচ্ছে। কোন কোন স্থানে দ্বিতীয় বার ফসল রোপন করতে হচ্ছে। জোয়ারের পানি ওঠার কারণে পরবর্তী মৌসুমে অর্থাৎ খরিফ ১ মৌসুমে প্রায় ১১১০০ হেক্টর জমি অনাবাদি থাকে। এমতাবস্থায় বেড়িবাঁধ নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। | খ) ফসল রক্ষায় বাঁধ নির্মানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ড এবং কৃষি উন্নয়ন কর্পোরেশন বিএডিসি বরাবর সুপারিশ প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

১০) প্রাণিসম্পদ বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) ডা. মোঃ তরিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাজিরপুর জানান এডিপি এর আওতায় তার দপ্তরে একটি এ্যানিমেল শেড স্থাপনের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>খ) সরকারি কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ২০৫টি, গবাদিপশুকে টিকা প্রদান করা হয়েছে ২৩৭৪ ডোজ, হাঁসমুরগিকে টিকা প্রদান করা হয়েছে ১৬৬৩৬ ডোজ, গবাদিপশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ২৩৭৪ টি ও ৫৭০ জন খামারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । | ক) বিস্তারিত আলোচনান্তে, এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>উপজেলা প্রকৌশলী<br>নাজিরপুর, পিরোজপুর |

১১) উপজেলা মৎস্য দপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব গৌতম মন্ডল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাজিরপুর জানান ৩৯৭.১২ মে. টন ভিজিএফ বরাদ্দ পাওয়া গেছে। তিনি উক্ত ভিজিএফ দ্রুত বিতরণ এবং মৎস্যজীবি নিবন্ধন যাচাই বাছাই কার্যক্রমে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, ভিজিএফ দ্রুত বিতরণ এবং মৎস্যজীবি নিবন্ধন যাচাই বাছাই কার্যক্রমে সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণ নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>নাজিরপুর, পিরোজপুর |

১২) উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব জওহর বালা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাজিরপুর জানান, এ উপজেলায় ৩নং দেউলবাড়ী দোবড়া, ৭নং সেখমাটিয়া এবং ৮নং শ্রীরামকাঠী ইউনিয়নের কৈশর বান্ধব স্বাস্থ্য সেবা কেন্দ্র চালু রয়েছে। উক্ত কেন্দ্র সেবা গ্রহণে উৎসাহী করার জন্য ইউপি চেয়ারম্যাগণকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, কৈশর বান্ধব স্বাস্থ্য সেবা কেন্দ্রে সেবা গ্রহণে উৎসাহ প্রদানের ইউপি চেয়ারম্যাগণকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>চেয়ারম্যান (সকল)<br>ইউনিয়ন পরিষদ<br>নাজিরপুর, পিরোজপুর |

১৩। উপজেলা প্রকৌশল দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব জাকির হোসেন মিয়া, উপজেলা প্রকৌশলী, নাজিরপুর উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির ৩০ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের সভার কার্যবিবরণীতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্প অনুমোদনের জন্য সভায় পেশ করেন (পরিশিষ্ট-গ)। | ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রকল্প বাছাই কমিটির সুপারিশ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>নাজিরপুর, পিরোজপুর |
| খ) তিনি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য **উপজেলা নির্বাহী অফিসারের একটি কক্ষ ইন্টেরিয়ার ও উপজেলা নির্বাহী অফিসারের** | খ) উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পটির ব্যয় মূল্য | উপজেলা প্রকৌশলী<br>নাজিরপুর, পিরোজপুর |

| | | |
|---|---|---|
| এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিসের ২টি টয়লেট মেরামত প্রকল্পের প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য পেশ করেন। যার প্রাক্কলিত মূল্য ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা। | ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা সীমাবদ্ধ রেখে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য আরএফকিউ পদ্ধতিতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| গ) জনাব জাকির হোসেন মিয়া, উপজেলা প্রকৌশলী, রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য পেশ করেন। | গ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে উক্ত প্রাক্কলনসমূহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | Supply Furniture Upazila Parishad, Nazirpur | ৫,০০,০০০.০০ |

১৪। শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মামুনুর রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নাজিরপুর জানান, প্রাথমিক শিক্ষা দপ্তরের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার নাজিরপুর, পিরোজপুর |

১৫। যুব উন্নয়ন অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ তোফাজ্জেল আলী খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | যুব উন্নয়ন কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

১৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব প্রনব চন্দ্র বৈদ্য, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, ২০২২-২৩ অর্থ বছরে ১৯৪টি গভীর নলকূপ এবং ৪০টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপন কাজ শুরু হয়েছে। নাজিরপুর উপজেলায় পানির গুণগত মান পরীক্ষার জন্য আর্সেনিক টেস্টার নিয়োগের মাধ্যমে নলকূপের পানির আর্সেনিক স্ক্রিনিং চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, গভীর নলকূপ এবং রেইন ওয়াটার হার্ভেস্টিং যথাযথভাবে স্থাপনের জন্য তদারকি বৃদ্ধি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নাজিরপুর, পিরোজপুর |

১৭। সমবায় অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব হোসনেয়ারা, উপজেলা সমবায় কর্মকর্তা, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার, নাজিরপুর |

১৮। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ ইস্রাফিল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাজিরপুর জানান, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

১৯। সমাজসেবা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাহাবুব, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাজিরপুর জানান, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, নাজিরপুর |

২০। পল্লী উন্নয়ন বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাসুম মিয়া , উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর, |

২১। মহিলা বিষয়ক অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব নাজমুন নাহার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাজিরপুর জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেল মহিলা বিষয়ক কর্মকর্তা নাজিরপুর |

২২। মাধ্যমিক শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাহিদুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাজিরপুর জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নাজিরপুর, পিরোজপুর |

২৩। বন বিভাগ নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব শোয়েবুর রহমান খান, উপজেলা বন কর্মকর্তা, নাজিরপুর জানান,তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা বন কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

২৪। পল্লী সঞ্চয় ব্যাংক

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মহিউদ্দিন, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দাপ্তরিক কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক নাজিরপুর শাখা |

২৫। খাদ্য নিয়ন্ত্রক দপ্তর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাজিরপুর এর প্রতিনিধি জানান, ২০২২-২৩ অর্থ মৌসুমে আমন ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ২২৪ মে. টন। প্রতি কেজি ধানের মূল্য ২৮/- টাকা। আমন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা ১৮৪ মে. টন। প্রতি কেজি চালের মূল্য ৪২/- টাকা। তিনি এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করেন। | আমন সংগ্রহ কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করার লক্ষ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরকে সহযোগিতা প্রদানের জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণসহ সকলকে নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নাজিরপুর, পিরোজপুর |

১নং মাটিভাঙ্গা ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব জাহিদুল ইসলাম বিলু, চেয়ারম্যান, ১নং মাটিভাংগা ইউপি জানান, কৃষি অধিদপ্তর কর্তৃক প্রদেয় বিভিন্ন প্রণোদনা বিতরণের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সম্পৃক্ততা আবশ্যক। চেয়ারম্যানদের মাধ্যমে এসব প্রণোদনা বিতরণ করা হলে স্বাক্ষর জালিয়াতির সম্ভবনা কম। এছাড়া উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে মাননীয় সংসদ সদস্যের জন্য কোটা রাখার জন্য তিনি অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, কৃষি প্রণোদনা বিতরণের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সম্পৃক্ততা এবং মাননীয় সংসদ সদস্যের কোটা সংরক্ষিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি অফিসার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নাজিরপুর, পিরোজপুর |

২৬। ২নং মালিখালী ইউনিয়ন পরিষদ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ রুহুল আমিন, চেয়ারম্যান, ২নং মালিখালী ইউপি জানান মালিখালী ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মালিখালী ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান, ২নং মালিখালী ইউপি, নাজিরপুর |

২৭। ৩নং দেউলবাড়ী দোবড়া ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব এফ এম রফিকুল আলম বাবুল চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া ইউনিয়ন পরিষদ জানান ভূমি হস্তান্তর করের ১% অর্থ হতে ইউনিয়নের অবকাঠামো উন্নয়নের তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে, ১% অর্থ স্থিতি সাপেক্ষে প্রকল্পে গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর,পিরোজপুর |

২৮। ৪নং দীর্ঘা ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আশুতোষ বেপারী, চেয়ারম্যান, ৪নং দীর্ঘা ইউপি এর প্রতিনিধি জানান, দীর্ঘা ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দীর্ঘা ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান ৪নং দীর্ঘা ইউনিয়ন পরিষদ |

২৯। ৫নং শাঁখারীকাঠী ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব খালিদ হোসেন সজল, চেয়ারম্যান, ৫নং শাখারীকাঠী ইউপি জানান, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান ৫নং শাঁখারীকাঠী ইউনিয়ন পরিষদ |

৩০। ৬নং নাজিরপুর সদর ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মোশারেফ হোসেন খান, চেয়ারম্যান, ৬নং নাজিরপুর ইউপি এর প্রতিনিধি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান ৬নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ |

৩১। ৭নং সেখমাটিয়া ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আতিয়ার রহমান চৌধুরী, চেয়ারম্যান, ৭নং সেখমাটিয়া ইউপি জানান, পৌরসভার ন্যায় ইউনিয়নের অধিক্ষেত্রাধীন ব্যাটারি চালিত ইজিবাইক এবং অটোরিক্সা তালিকাভূক্ত করে ইউনিয়ন পরিষদের আয় বৃদ্ধি করা সম্ভব। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে, সকল ইউনিয়ন পরিষদ সভা হতে এ বিষয়ে সুপারিশ প্রদানের জন্য অনুরোধ জানান হয়। প্রাপ্ত সুপারিশ মোতাবেক অনুমোদন প্রাপ্তির জন্য কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ<br>নাজিরপুর, পিরোজপুর |

৩২। ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ আলতাফ হোসেন বেপারী, চেয়ারম্যান, ৮নং শ্রীরামকাঠী ইউপি জানান, তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগবান করার অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন পরিষদ |

৩৩। ৯নং কলারদোয়ানিয়া ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব হাসনাত, চেয়ারম্যান, ৯নং কলারদোয়ানিয়া ইউপি জানান, মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ভিজিএফ কর্মসূচির চাল বিতরণের সময় তার ইউনিয়নে বরাদ্দ থাকে সত্বেও ১৫ বস্তা চাল কম বিতরণ করা হয়। তিনি বিষয়টি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও মহিলা বিষয়ক কর্মকর্তাকে বারবার অবহিত করলেও কোন সমাধান পাননি। বিষয়টি দ্রুত সমাধানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে, কলারদোয়ানিয়া ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দ মোতাবেক চাল বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নিয়ন্ত্রক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>নাজিরপুর, পিরোজপুর |

৩৪। শাহরিয়ার ফেরদৌস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব শাহরিয়ার ফেরদৌস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, উপজেলা পরিষদের বাৎসরিক বাজেটের ৩% অর্থ নারী উন্নয়ন ফোরামের জন্য বরাদ্দ প্রদানের নির্দেশনা রয়েছে। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন । | বিস্তারিত আলোচনান্তে, নারী উন্নয়ন ফোরামের অনুকূলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>নাজিরপুর, পিরোজপুর |

৩৫। উপজেলা নির্বাহী অফিসার

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব ডা. সঞ্জীব দাশ, উপজেলা নিবার্হী অফিসার উপজেলা পরিষদের অফিস সরাঞ্জামাদি (কম্পিউটার ও প্রিন্টার) মেরামত বাবদ ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের প্রস্তাব করেন।<br>খ) তিনি আরো জানান, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ মোতাবেক উপজেলা পরিষদের প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন কমিটিতে নিম্নবর্ণিত সদস্যকে মনোয়নের সুপারিশ করেন ঃ<br>১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাজিরপুর, পিরোজপুর।<br>২। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, নাজিরপুর, পিরোজপুর।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাজিরপুর, পিরোজপুর।<br>গ) সরকারি হাট-বাজার ইজারাসমূহের ব্যবস্থাপনা , ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পকিত নীতিমালা ২০১১ এর ৩.১ ধারায় হাট বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটিতে মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুরকে মনোনয়নের প্রস্তাব করেন। | ক) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দাখিলকৃত ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দাখিলকৃত সদস্যগণকে উপজেলা পরিষদের প্রকল্প দরপত্র যাচাই বাছাই কমিটিতে অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দাখিলকৃত সদস্যকে হাট বাজার ইজারা দরপত্র মূল্যায়ন যাচাই বাছাই কমিটিতে অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>নাজিরপুর, পিরোজপুর |

৩৬। জনাব শেখ মোস্তাফিজুর রহমান সভাপতি ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ঃ উপজেলাবাসীর সার্বিক উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মোস্তাফিজুর রহমান)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
নাজিরপুর, পিরোজপুর

স্মারক নং- ৪৬.১০.৭৯৭৬.০০৪.০৬.০০১.২১-৭২

তারিখঃ ৩১ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ
১৭ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ

অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. **জনাব শ.ম. রেজাউল করিম, মাননীয় সংসদ সদস্য-১২৭, পিরোজপুর-১ ও মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল।
৫. জেলা প্রশাসক, পিরোজপুর।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৭. চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৯. উপজেলা............................................................ অফিসার, নাজিরপুর, পিরোজপুর।
১০. চেয়ারম্যান, (সকল) ..............................................ইউপি, নাজিরপুর, পিরোজপুর।
১১. জনাব ............................................................... নাজিরপুর, পিরোজপুর।
১২. অফিস কপি।

৩১.০১.২০২২

ডা. সঞ্জীব দাশ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নাজিরপুর, পিরোজপুর